দৈনিক ইত্তেফাক

তারিখ ... 31 JAN 1990
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৮

## জগন্নাথ কলেজে মাষ্টার্স কোর্স

জগন্নাথ কলেজের গণিত বিভাগের ছাত্রসংখ্যা বিশ্ববিদ্যালয়ের চাইতে কম নয়। অথচ এই কলেজে গণিত বিভাগের শিক্ষকের সংখ্যা মাত্র ৭ জন, যেখানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের সংখ্যা ২৭ জন। এই স্বল্পসংখ্যক শিক্ষক দ্বারা কোন বৎসরেই পাঠ্যসূচী সমাপ্ত করা সম্ভব হয় না। তাহাছাড়া সেমিনারে যে বই আছে, তাহা ছাত্রদের তুলনায় নগণ্য। ফলে সেমিনার হইতে ছাত্রদের নামে কোন বই ইস্যু করা হয় না। এই কারণে অনার্স ক্লাসের ছাত্রদের নীচের ক্লাসের ছাত্রদের মত প্রাইভেট পড়িয়া কোনরকমে পাঠ্যসূচী সমাপ্ত করিয়া পরীক্ষা দিতে হয়। এমতাবস্থায় ১৯৮৭ সাল হইতে গণিতে মাষ্টার্স (শেষ পর্ব) চালু করা হইয়াছে। ফলে ছাত্রদের শিক্ষাজীবন প্রায় অনিশ্চিত হইয়া পড়িয়াছে। যেখানে অনার্স কোর্সেই অচলাবস্থা, সেখানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কি করিয়া মাষ্টারস্ শেষ পর্ব খোলার নির্দেশ দিলেন, এটা আমাদের বুঝে আসে না।

—মিন্টু, রতন, নয়ন ও মঞ্জু, গণিত (সম্মান) শেষবর্ষ, জগন্নাথ কলেজ, ঢাকা।